

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৪৯  
সোনামুড়া, ০৬ ডিসেম্বর, ২০২৩

**মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা  
বক্সনগর ব্লকে আগর চাষে সহায়তা**

মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থবছরে বনদপ্তর থেকে ১৫০টি পরিবারকে আগর চাষে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়াও সুবিধাভোগী পরিবারগুলিকে বিভিন্ন অর্থকরী ও ঔষুধি গাছের চারাও দেওয়া হয়। সুবিধাভোগী পরিবারগুলিকে আগরের চারা ছাড়াও নিম, বকুল, চালতা গাছের চারা দেওয়া হয়েছে। তাছাড়াও ব্লকের ৭টি বনভিত্তিক স্বসহায়ক দলকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। অমৃত সরোবর প্রকল্পে ব্লকের ৭ জন মৎস্যচাষীকে চেকড্যাম নির্মাণ করে দেওয়া হয়েছে। বক্সনগর ফরেস্ট রেঞ্জ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*